

পঞ্চবার্ষিক পরিকল্পনা
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
গুরুদাসপুর, নাটোর।
অর্থ বছর: ২০২৫-২০২৬

ভূমিকাঃ একটি জাতির উন্নতির চাবিকাঠি হল শিক্ষা। মেধা ও মননে আধুনিক এবং চিন্তা চেতনায় অগ্রসর একটি জাতিই একটি দেশকে উন্নতির শিখরে পৌঁছে দিতে পারে। তাই শিক্ষা জাতির মেরুদণ্ড। বাংলাদেশ শিক্ষা নীতির মূল উদ্দেশ্য হল ধর্ম, বিজ্ঞান ও কারিগরি শিক্ষা, ভাষা, গণিত, ইতিহাস, তথ্য প্রযুক্তি শিক্ষার প্রসার এই লক্ষ্যে শিক্ষা জ্ঞান ও প্রযুক্তিতে দক্ষ একই সঙ্গে নৈতিক মূল্যবোধ সম্পন্ন, জনগণের প্রতি শ্রদ্ধাশীল ও দায়বদ্ধ এবং দেশ প্রেমে উদ্ধুদ্ধ নতুন প্রজন্ম গড়ে তোলা। এই উদ্দেশ্য এবং লক্ষ্যকে সামনে রেখে নাটোর জেলার গুরুদাসপুর উপজেলায় ২৭ টি মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়, ০৪ টি স্কুল এন্ড কলেজ, ১১ টি দাখিল মাদ্রাসা ও ০১ টি ফাজিল মাদ্রাসা, ০১টি আলিম মাদ্রাসা, ১৭টি স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা, ১০ টি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান এবং ০৬ টি কলেজ পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। সামগ্রিকভাবে এই উপজেলার পাবলিক পরীক্ষার ফলাফল ভাল তবে জাতীয় শিক্ষা নীতির অভিষ্ট লক্ষ্যানুযায়ী শিক্ষার মান অর্জিত হয় নাই।

শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষার্থীর সংখ্যা, পরিকল্পনা ও উদ্দেশ্যঃ

ক্র.নং	শিক্ষা প্রতিষ্ঠানের ক্যাটাগরি	শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা	শিক্ষার্থীর সংখ্যা		পরিকল্পনা সমূহ	উদ্দেশ্য
			ছাত্র	ছাত্রী		
১	কলেজ	০৬টি			ওয়াশ ব্লক ও টেকসই বৃক্ষরোপন	৫৩% মেয়ে শিক্ষার্থী, ৪৭% ছেলে শিক্ষার্থী। উপরের শ্রেণিতে মেয়ে শিক্ষার্থীর সংখ্যা ক্রমান্বয়ে হ্রাস পায়। শিক্ষার্থীরা আগের চেয়ে এখন আরাম প্রিয়। তাদের আকাঙ্ক্ষা আনন্দদায়ক শিক্ষা প্রতিষ্ঠান। এক্ষেত্রে শিক্ষার্থীদের আকাঙ্ক্ষা অনেকাংশেই অপূরণীয়। সরকারি টেনিক্যাল স্কুল এন্ড কলেজের মত শিক্ষা প্রতিষ্ঠান এই উপজেলায় মাত্র একটি। পাট বছর ব্যাপী বা তারও বেশি সময় নিয়ে যদি আলোচিত/বর্ণিত পরিকল্পনা সমূহ বাস্তবায়ন করা সম্ভব হয় তাহলে এক পর্যায়ে শিক্ষার্থীর ঝড়ে পরা হ্রাস শূন্যে আনা সম্ভব। জলবায়ু উষ্ণতার কারণে বৈশ্বিক তাপমাত্রা ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। বাংলাদেশ এর বাহিরে নয়। আমরা যদি সকল শিক্ষা প্রতিষ্ঠানের আড়িনায় টেকসই বৃক্ষরোপন নিশ্চিত করতে পারি, তাহলে একদিকে জলবায়ুর উষ্ণতা মোকাবেলা করা যাবে। অন্যদিকে শিক্ষা প্রতিষ্ঠান সবুজায়ন হবে। শিক্ষার্থীর মনে ইতিবাচক দৃষ্টিভঙ্গি সৃষ্টি হবে। প্রস্তাবিত পরিকল্পনা শতভাগ বাস্তবায়িত হলে গুরুদাসপুর উপজেলা সার্বিক শিক্ষার ক্ষেত্রে রোর মডেল হিসেবে আত্মপ্রকাশ করবে। শিক্ষার গুনগত মান বৃদ্ধি পাবে। শিক্ষকদের মধ্যে ইতিবাচক দৃষ্টি ভঙ্গি সৃষ্টি হবে। উপজেলা মাদক মুক্ত হবে। বাল্য বিয়ে থাকবে না আশা করা যায়।
২	স্কুল এন্ড কলেজ	০৪টি			ওয়াশ ব্লক, হাইজিন কর্ণার ও টেকসই বৃক্ষরোপন	
৩	মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়	২৭ দটি			ওয়াশ ব্লক, হাইজিন কর্ণার ও টেকসই বৃক্ষরোপন	
৪	ফাজিল মাদ্রাসা	০১টি			ওয়াশ ব্লক, হাইজিন কর্ণার ও টেকসই বৃক্ষরোপন	
৫	আলিম মাদ্রাসা	০১টি			ওয়াশ ব্লক, হাইজিন কর্ণার ও টেকসই বৃক্ষরোপন	
৬	দাখিল মাদ্রাসা	১১টি			ওয়াশ ব্লক, হাইজিন কর্ণার ও টেকসই বৃক্ষরোপন	
৭	এবতেদায়ী মাদ্রাসা স্বতন্ত্র	১৭টি			অবকাঠামো উন্নয়ন, মেরামত ও টেকসই বৃক্ষরোপন	
৮	কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান	১০টি			অবকাঠামো উন্নয়ন, মেরামত ও টেকসই বৃক্ষরোপন	

বরাদ্দ/বাজেট প্রণয়ন (প্রতিঅর্থ বছর); উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ উপজেলা প্রশাসনের সংশ্লিষ্ট দপ্তরসমূহ, গুরুদাসপুর, নাটোর।